


রাজশাহী'র পুঠিয়া উপজেলার মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়ন কমিটির সভার এপ্রিল-২০২৬ মাসের কার্যবিবরণী

সভাপতি : লিয়াকত সালমান
 উপজেলা নির্বাহী অফিসার
 পুঠিয়া, রাজশাহী
 স্থান : উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষ।
 তারিখ : ৩০.০৪.২০২৬ খ্রিঃ
 সময় : বেলা ১২.০০ ঘটিকা।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়, এতে কারো কোন সংশোধনী না থাকায় তা অনুমোদিত ও দৃষ্টীকরণ করা হয়।

ক্র: নং	অলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	উপজেলা কমিটি কর্তৃক মা ও শিশু সহায়তা কর্মসূচি ভাতাভোগীর তালিকা অনুমোদন।	<p>সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, এপ্রিল-২০২৬ মাসে পৌরসভা ও ইউনিয়ন থেকে প্রাপ্ত সুপারিশ থেকে উপজেলা কমিটি কর্তৃক নিম্নলিখিত তালিকা অনুযায়ী চূড়ান্তভাবে অনুমোদন করা যেতে পারে।</p> <p>পৌরসভা ও ইউনিয়ন ভিত্তিক নিম্নরূপঃ-</p> <p>০১. পুঠিয়া পৌরসভা ১৪ জন ০২. পুঠিয়া ইউনিয়ন- ১০ জন ০৩. বেলপুকুরিয়া ইউনিয়ন- ১০ জন ০৪. বানেশ্বর ইউনিয়ন- ১০ জন ০৫. ভালুকগাছি ইউনিয়ন ১০ জন ০৬. শিলমাড়িয়া ইউনিয়ন ১০ জন ০৭. জিউপাড়া ইউনিয়ন- ১০ জন</p> <p>মোট: ৭৪ জন</p> <p>মোট ৭৪ জনের নামের তালিকা অনুমোদন করা যেতে পারে।</p>	<p>পৌরসভা ও ইউনিয়ন হতে প্রাপ্ত তালিকা যাচাই-বাছাই পূর্বক অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>সংশ্লিষ্ট পৌরসভা ও ইউনিয়ন কমিটি এবং উপজেলা কমিটি।</p>
০২	বিবিধ	<p>সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন মা ও শিশু সহায়তা কর্মসূচি সঠিক ভাবে বাস্তবায়ন করার জন্য সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন। আগামী মে-২০২৬ মাসের ০১-২০ তারিখের মধ্যে যাচাই-বাছাই পূর্বক অনলাইনে তালিকা ও ভাতাভোগীর আবেদনসহ সকল কাগজপত্র উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানান। উপজেলা মা ও শিশু সহায়তা কর্মসূচি কমিটির সকল সদস্যদের সার্বিক সহযোগিতা কামনা করে চলমান কর্মসূচি বেগবান করার ক্ষেত্রে সহযোগিতার জন্য ধন্যবাদ জানান।</p>	<p>প্রতি মাসের মধ্যে কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>সংশ্লিষ্ট পৌরসভা ও ইউনিয়ন কমিটি এবং উপজেলা কমিটি</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


লিয়াকত সালমান
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়ন কমিটি
পুঠিয়া, রাজশাহী।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
পুঠিয়া, রাজশাহী
<http://dwa.puthia.rajshahi.gov.bd>

স্মারক নং-৩২.০১.৮১৮২.০০০.১৪.১৪৫.২২-২০৩

তারিখ-৩০.০৪.২০২৬খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হলোঃ-

- ০১। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, পুঠিয়া, রাজশাহী
- ০৩। উপজেলা-----পুঠিয়া, রাজশাহী
- ০৪। জনাব-----পুঠিয়া, রাজশাহী
- ০৫। অফিস কপি।


মোছাঃ শাহিনুর খাতুন
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

ও

সদস্য-সচিব

উপজেলা মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়ন কমিটি
পুঠিয়া, রাজশাহী।

ফোন নং-০৭২২৮-৫৬৩৩৬

E-mail: dwa.puthia@gmail.com